

মোর পথিকেরে বুঝি এনেছ এবার মোর করুণ রঙিন পথ !

এসেছে এসেছে আহা অঙ্গনে এসেছে, মোর দুয়ারে লেগেছে রথ ॥

সে যে সাগরপারের বাণী মোর পরানে দিয়েছে আনি, আহা

তার আঁখির তারায় যেন গান গায় অরণ্যপর্বত ॥

দুঃখসুখের এ পারে, ও পারে, দোলায় আমার মন—

কেন অকারণ অক্ষসলিলে ভরে যায় দু'নয়ন ।

ওগো নিদারুণ পথ, জানি— জানি পুন নিয়ে যাবে টানি, আহা, তারে—

চিরদিন মোর যে দিল ভরিয়া যাবে সে স্বপনবৎ ॥

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Iman-Kalyan

Visit www.geetabitan.com for notation and other detail